

**ছাত্রলীগ মহানগর  
কমিটিতে অছাত্র ও  
বিবাহিতদের দৌরাত্ম্য**

**বরুণ কুমার দাশ**  
অছাত্র, বিবাহিত, সন্তানের জনক এমন সদস্যদের নিয়ে প্রায় ৮ বছর ধরে চলছে ঢাকা মহানগর ছাত্রলীগের বর্তমান কমিটির কার্যক্রম। এদের সবারই বয়স ৩০ বছর পেরিয়ে গেছে অনেক আগেই। কিন্তু দলীয় পদ ব্যবহার করে ক্ষমতার জোরে কেউ কেউ চালিয়ে যাচ্ছে বিভিন্ন অপকর্ম। ঢাকা মহানগর ছাত্রলীগের ২০ সাংগঠনিক ধানার সভাপতি সাধারণ সম্পাদক দৌরাত্ম্য : পৃষ্ঠা : ১১ ক : ৪

**দৌরাত্ম্য : বিবাহিতদের**

(১ম পৃষ্ঠার পর)  
প্রায় সবারই বিবাহিত। ২০০২ সালের ৬ জুন ঢাকা মহানগর ছাত্রলীগের সর্বশেষ সূক্ষ্মদল হয়। ২০০৫ সালে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি গঠিত হওয়ার আগে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা যোগা দিচ্ছেন ২৯ বছর বয়সের বেশি কেউ ছাত্রলীগের সদস্য হতে পারবে না। কিন্তু সে যোগ্যতার বাস্তবায়ন দেখা যায়নি। সম্প্রতি ছাত্রলীগের সন্ত্রাসী কর্মকাণ্ডে সরকার বিতৃত হলে কার্যকর ব্যবস্থা নিতে গড়িমসি করছে দলটির দায়িত্ব প্রাপ্ত নেতারা। দলের একজন প্রেসিডিয়াম সদস্য 'নংবাণ'কে জানান, বর্তমানের ছাত্রলীগ তাদের মূল আদর্শ থেকে সরে এসেছে। তারা একের পর এক নৈরাশ্রয় পরিষ্কার সৃষ্টি করেছে। যার কারণে ছাত্রলীগের বর্তমান কেন্দ্রীয় কমিটি যে কোন সময় ভেঙে দেয়া হতে পারে। তার পরই আশ্চর্য আশ্চর্য মহানগর ছাত্রলীগের কমিটি নিয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

কাহনাসীরচর ধানার ছাত্রলীগ সভাপতি মোহাম্মদ হোসেন বিয়ে করেছেন ৪ বছর আগে। লালবাগ ধানার সভাপতি সাগর আহমেদ শাহীন সাধারণ সম্পাদক হাসিবুর রহমান মনিরের বয়স ৩২ পেরিয়ে গেছে। সূত্রাপুর ধানার সভাপতি টিটু বিবাহিত। কোতোয়ালি ধানার সভাপতি সনু বিবাহিত। ডেহরা শ্যামপুর ধানার সভাপতি সেলিম ব্যবসা বাণিজ্য নিয়ে ব্যস্ত। এমিকে তাদের দাপটে এসব ছাত্রলীগ বিভিন্ন টেন্ডারবাক্সি চাঁদাবাজি এবং এলাকাভিত্তিক সন্ত্রাসী কার্যক্রমের মদদ দেয়ার একাধিক অভিযোগ রয়েছে। মহানগর ছাত্রলীগের এ বিষয়ে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এডভোকেট জাহাঙ্গীর কবির নানকের কাছে জানতে চাইলে এ বিষয়ে তিনি কিছু বলতে রাজি হননি।

তিনি আরো বলেন, কিন্তু সমস্যা হলো শক্তিশালী সদস্যদের নিয়ে কমিটি গঠন করা আপাতত জটিল, কারণ যাদের নিয়ে নতুন কমিটি গঠন করার চিন্তা রয়েছে তাদের বয়স ৩০ পেরিয়ে গেছে। কিন্তু দল চাচ্ছে ছাত্রলীগ নেতাদের বয়স ২৯ বছরের বেশি হবে না।

ঢাকা মহানগর ছাত্রলীগের উত্তর কমিটির আওতাধীন রয়েছে বিমানবন্দর, উত্তরা, ওলশান, মিরপুর, পল্লবী, কাফরুল, ডেঙ্গুগাঁও, হাজারিবাগ, মোহাম্মদপুর, ধানমন্ডি ধানা। এসব প্রতিটি ধানা ছাত্রলীগের সভাপতি সাধারণ সম্পাদক বিবাহিত, মহানগর ছাত্রলীগ উত্তরের সাধারণ সম্পাদক অনু ২ সন্তানের জনক, তার বয়স ৩৫ বছরের কেঁচায়। বিমানবন্দর ধানার সভাপতি রবি ও সাধারণ সম্পাদক শিখন এসএসসি পাস করেছেন ১৯৯৪ সালে। সাধারণ সম্পাদক আবুল বাব্বার জুটো বিবাহিত, মোহাম্মদপুর ধানার ছাত্রলীগ সভাপতি মজিবুর বিবাহিত, বাজতা ধানার সভাপতি সেলিম সন্তানের জনক, মিরপুর বিশ্ববিদ্যালয় কলেজ শাখার সভাপতি অনিম বিবাহিত, ওলশান ধানার সভাপতি ফরিদ বিবাহিত, মিরপুর ধানার সভাপতি বর্দির এবং সাধারণ সম্পাদক শাহাদৎ একজন সন্ত্রাসী। উত্তরা ধানার সভাপতি এসমান সরকার এবং সাধারণ সম্পাদক হিমুন্-২ জনই বিবাহিত। ধানমন্ডি ধানার ছাত্রলীগের সভাপতি নাঈম উদ্দিন-৩ সন্তানের জনক। তিনি আবার আসন্ন ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচনে ৫০নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী।

মহানগর দক্ষিণ ছাত্রলীগের সভাপতি মামুন রশিদ তুহ এক সন্তানের জনক, মতিঝিল ধানা ছাত্রলীগের সভাপতি মনিরুজ্জামান মনির এসএসসি পাস করেছেন ৯০ সালে। অর্থাৎ ২০ বছর আগে তিনিও ১ সন্তানের জনক। পিটুর ছাত্রলীগের পার হয়েছে অনেক আগে। বিদগাঁও ধানার ছাত্রলীগ সভাপতি আবু সাইদ বিবাহিত এসএসসি পাস করেছেন ১৯৯০ সালে। সাধারণ সম্পাদক সাদিকুর রহমান মনিরও বিবাহিত।